পরিশিষ্ট-'ছ'

# প্রকাশনা নীতিমালা, ১৯৯১

যেহেতু প্রকাশনা এন, আই, এল, জি'র একটি উল্লেখযোগ্য কার্যক্রম সেহেতু প্রতি বছর এন, আই, এল, জি থেকে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন এবং এর সাথে সম্পৃক্ত অন্যান্য বিষয়ের উপর উল্লেখযোগ্য সংখ্যক পুস্তকাবলী প্রকাশিত হয়ে থাকে। এসব পুস্তকাবলী প্রতিষ্ঠানের অনুষদ সদস্যগণ ছাড়াও দেশের খ্যাতনামা প্রকাশক, গবেষক ও শিক্ষাবিদগণ রচনা করে থাকেন। এ পর্যন্ত প্রতিষ্ঠান থেকে প্রকাশিত পুস্তক ও অন্যান্য প্রকাশনার সংখ্যা ৭৭টি। নিয়মিতভাবে প্রকাশিত হচ্ছে পেশাভিত্তিক জার্ণাল 'দি জার্ণাল অব লোকাল গভর্নমেন্ট'। প্রকাশনা কার্যক্রম যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হতে পারে সে জন্য নিম্নোক্ত সংশোধিত প্রকাশনা নীতিমালা এখন হতে গৃহীত হলোঃ

## বিষয়

**নিম্নলিখিত বিষয়বস্তু প্রকাশনায় অগ্রাধিকার পাবেঃ**

১। বাংলাদেশসহ বিভিন্ন দেশের স্থানীয় সরকারের সকল বিষয় এবং প্রশিক্ষণ বিষয়ক রচনা।

২। স্থানীয় পর্যায়ে পরিকল্পনা, প্রশাসন বিকেন্দ্রীকরণ এবং উন্নয়ন কর্মকান্ডে জনগণের অংশ গ্রহণের উপর গবেষণা এবং উপদেশনামূলক রচনাবলী।

৩। স্থানীয় সরকার বিষয়ক ম্যানুয়েল, স্থানীয় সরকার প্রতিষ্ঠানের বিভিন্ন সমস্যাবলী/ইস্যুজ ইত্যাদি সংক্রান্ত রচনাবলী।

৪। পল্লী উন্নয়ন এবং সাধারণ ও উন্নয়ন প্রশাসন ইত্যাদির উপর প্রবন্ধাবলী।

Appendix 'G'

# NILG Publication Policy, 1991

Publication is one of the most important functions of NILG. Every year NILG publishes a good number of books on local government, rural development and other related subjects. These books are written by the faculty members of the Institute and prominent administrators, researchers and educationists of the country. So far the Institute published 77 books and other publications. Besides, the Institute publishes a bi annual professional journal titled" The journal of local government". From now on the amended publication guideline will be followed.

## Subject :

**Preference will be given to the subject in the following way :**

1. Articles on local government and training system of Bangladesh and other countries.
2. Research work on local level planning, administrative decentralization and people's participation in development activities.
3. Manual of local government, articles on different problems/issues of local government bodies etc.
4. Articles on rural development, general and development administration etc.

## লেখক

**প্রকাশনার ব্যাপারে অগ্রাধিকার পাবেঃ**

১। এন, আই, এলজি'র অনুষদ সদস্যদের রচনা

২। এন, আই, এল, জি'র সাহায্য ও সহযোগিতাপুষ্ট কাজ

৩। উল্লিখিত বিষয়ে বাংলাদেশী বিশেষজ্ঞদের রচনা।

সম্পাদিত পুস্তকের ক্ষেত্রে সম্পাদকের সাথে চুক্তিপত্র স্বাক্ষরিত হবে। রয়্যালটির টাকা সম্পাদক ও লেখকদের মধ্যে এরূপভাবে বন্টন করা হবে যাতে সম্পাদক একজন লেখকের দ্বিগুন পায়।

**পুস্তক বাছাই ও প্রকাশনা কমিটি**

প্রতিষ্ঠানের মহাপরিচালকের সভাপতিত্বে একটি পুস্তক বাছাই ও প্রকাশনা কমিটি থাকবে। প্রতিষ্ঠানের পরিচালক ও ৬ জন এরিয়া পরিচালক (স্থানীয় সরকারের ক্রমবিকাশ; স্থানীয় সরকার আইন ও বিধি; অর্থ-প্রশাসন ও স্থানীয় সম্পদ আহরণ; স্থানীয় পর্যায়ে প্রকল্প প্রণয়ন; কর্মচারী ব্যবস্থাপনা ও অফিস ব্যবস্থাপনা) উক্ত কমিটির সদস্য থাকবেন। প্রকাশনা কর্মকর্তা এ কমিটির সদস্য-সচিব হিসাবে কাজ করবেন।

কমিটি প্রাপ্ত পান্ডুলিপি মূল্যায়ন করে তা প্রকাশনার উপযুক্ত কিনা সে ব্যাপারে সিদ্ধান্ত নেবেন। প্রয়োজনবোধে কমিটি উপযুক্ত সম্মানী প্রদানের বিনিময়ে প্রাপ্ত পান্ডুলিপি মূল্যায়নের জন্য বাইরের বিশেষজ্ঞও নিয়োগ করতে পারবে।

প্রকাশনা কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে পুস্তকের ষ্টক, হিসাব ইত্যাদি নিরীক্ষা এবং প্রকাশনাসমূহ বাজারজাতকরণের ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

## Author :

**Preference will be given to :**

1. Articles of NILG faculty members.
2. NILG sponsored works.
3. Articles of the scholars of Bangladesh on the above subjects.

In case of edited books, the deed of agreement will be signed by the editor. The amount of royalty will be divided between editor and author in such a way that the editor will get double the amount than that of the author.

**Book Selection and the Publication Committee :**

There will be a book Selection and Publication Committee headed by Director General of the Institute. The members of this Committee will be three Directors and six Area Directors (evolution of local government; Local Government theory, law; financial administration and local resource mobilization; local level planning; personnel management and office management) of the Institute. The Publication Officer will act as the member-secretary of the Committee. After reviewing the manuscript the committee will take decision to publish it. The Publication Committee will take necessary action on stock taking, marketing of the publications and examining the accounts quarterly.

### গ্রন্থস্বত্ব

প্রচলিত কপিরাইট আইন মোতাবেক প্রতিষ্ঠানের প্রকাশনাসমূহ নিয়ন্ত্রিত হবে।

### গ্রন্থকারের প্রাপ্য অর্থ

বইয়ের সর্বমোট মূল্যের ১৫% রয়্যালটি হিসাবে লেখককে প্রদান করা হবে।

### আবর্তকতহবিল

এন, আই, এল, জি'র প্রকাশনাসমূহ বিক্রির মাধ্যমে একটি আবর্তক তহবিল গঠন করা হবে। প্রতিষ্ঠানের প্রকাশনা কার্যক্রম একটি আত্মনির্ভরশীল কর্মসূচী হিসাবে পরিচালিত হবে।

### চুক্তিনামা

চুক্তি নামায় ৫ (পাঁচ) টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্পের উপর স্বাক্ষর করতে হবে।

চুক্তিনামার নমুনা 'পরিশিষ্ট–জ' এ দেয়া হলো।

[১৯শে আগষ্ট, ১৯৯১ ইং তারিখে অনুষ্ঠিত প্রতিষ্ঠানের বোর্ড অব গর্ভণরস এর ৩১তম সভায় অনুমোদিত]।

### Copy right.

The publication of the Institute will be regulated according to existing copyright law.

### Royalty :

Royalty will be given to the author at the rate of 15% on the total price of the book.

### Revolving fund:

The revolving fund will be created out of sale proceeds of NILG publications.

The publication activities of the Institute will work as self-financing programme.

### Deed of Agreement:

The deed of agreement will be signed on the five taka non judicial stamp.

[ Approved by BOG in its 31st meeting held on August, 19, 1991]